# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৫

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি নিজের জন্য যা পছন্দ করে, তার ভাইয়ের জন্য তা পছন্দ করে না- তার ঈমানকে নাকচ করার উদ্দেশ্য হলো প্রকৃত ঈমানকে নাকচ করা; খোদ ঈমানকে নাকচ করা উদ্দেশ্য নয় আর ‘তার ভাইয়ের জন্য ভালবাসবে’ দ্বারা উদ্দেশ্য হলো তার জন্য কল্যাণকর বিষয়কে পছন্দ করবে; অকল্যাণকর বিষয় পছন্দ করবে না

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ نَفْيَ الْإِيمَانِ عَمَّنْ لَا يُحِبُّ لِأَخِيهِ مَا يُحِبُّ لِنَفْسِهِ إِنَّمَا هُوَ نَفْيُ حَقِيقَةِ الْإِيمَانِ لَا الْإِيمَانَ نَفْسَهُ مَعَ الْبَيَانِ بِأَنَّ مَا يُحِبُّ لِأَخِيهِ أَرَادَ بِهِ الْخَيْرَ دُونَ الشَّرِّ

---

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ بْنِ أَبِي سَمِينَةَ قال حدثنا بن أَبِي عَدِيٍّ عَنْ حُسَيْنٍ الْمُعَلِّمِ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: "لَا يَبْلُغُ عَبْدٌ حَقِيقَةَ الْإِيمَانِ حَتَّى يُحِبَّ لِلنَّاسِ مَا يُحِبُّ لنفسه من الخير".

الراوي : أَنَس بْن مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 235 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৩৫. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, তিনি বলেছেন: “কোন বান্দা ততক্ষণ পর্যন্ত প্রকৃত ঈমান পর্যন্ত পৌঁছতে পারবে না, যতক্ষণ না সে মানুষের জন্য তা-ই পছন্দ করবে, যা সে নিজের জন্য পছন্দ করে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/২০৬; সহীহ আল বুখারী: ১৩; সহীহ মুসলিম: ৪৫, ৭২; নাসাঈ: ৮/১১৫; ইবনু মান্দাহ, ঈমান: ২৯৪, ২৯৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাऊত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৭৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88534

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন